SENIOR SCHOOL CERTIFICATE EXAMINATION

2021-2022

# SAMPLE PAPER OF CLASS –XII

# SUBJECT- BENGALI ( বাংলা )

# SUBJECT CODE : 105

# TERM-I

# F.M. – 40

www.careerindia.com

CAREERINDIA

## Code No. 105

- Please check that this question paper contains **21** printed pages.
- Please check that this question paper contains **08** questions.

The Question Paper is divided into **Three Sections**

**SECTION – A :** READING : **10 Marks**

**SECTION – B :** GRAMMAR : **05**Marks

**SECTION - C:** LITERATURE : **25 Marks**

www.careerindia.com

CAREERINDIA

# Class – XII (2021 – 2022)

## Subject – Bengali(code:105)

## TERM-I

সময়: ৯০ মিনিট | সর্বমোট অঙ্ক: ৪০

**Time Allowed: 90 Minutes** | **Maximum Marks: 40**

## OBJECTIVE TYPE PAPER (MCQ)

### SECTION-A (Reading )

### (Unseen Comprehension)

1. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর:

(A থেকে F-এর মধ্যে যে কোনও **চারটি** **এবং** G প্রশ্নটির উত্তর **আবশ্যিক**) 1X5=5

গজাদার দোকানের শিঙাড়া এতই সুস্বাদু যে খাওয়ার সময় আরামে আর আনন্দে আধখানা চোখ বুজে যায়। আধবোজা চোখে গরম শিঙাড়া হাতে নিয়ে 'উফ্ আ:', 'উফ্ আ:' করতে করতে খেতে হয়। আমরা বাজি ধরে বলতে পারি, আমাদের এই ছোট মফস্বল শহরের শিঙাড়া কলকাতার বাঘা বাঘা দোকানের পিৎজা , স্যান্ডউইচ, রোল, মোমোকে অনায়াসে বোল্ড আউট করে দেবে। আজ পর্যন্ত এই শিঙাড়া কেউ একটা খেয়ে থামতে পারে নি। ছোটোমামা খায় সাড়ে তিনটে। শেষ আধখানা ভেঙে আমাদের দিকে বাড়িয়ে দেয়।

www.careerindia.com

সেদিন আধবোজা চোখে তিন নম্বর শিঙাড়ায় কামড় বসিয়ে ছোটোমামা বলল, 'আচ্ছা বল্ তো, ধুলো কখন সোনার চেয়ে দামি?'

আমরা অবাক। ছোটোমামা এসব কী বলছে! ধুলো সোনার চেয়ে দামি! তা কখনো হয় নাকি? অর্চি বলল, 'ছোটোমামা, এটা কি কোনো ধাঁধা?'

ছোটোমামা দুপাশে মাথা নাড়িয়ে বলল, 'একেবারেই নয়। একেবারেই সোজাসাপ্টা প্রশ্ন।'

তরান আমাদের মধ্যে একটু বোকা। আমতা আমতা করে বলল, 'ধুলো কেন দামি হবে? ধুলো তো সব জায়গায় পাওয়া যায়। যে জিনিস সব জায়গায় পাওয়া যায় সে জিনিস কখনো দামি হয়? চাইলে এখনই একমুঠো নিয়ে আসতে পারি। কোনো দাম লাগবে না। আনব?'

ছোটমামা পটাং করে চোখ খুলে ফেলল। তরানের দিকে তাকিয়ে দাঁত কিড়মিড় করে বলল 'বোকার মত কথা বলিস না। বলতে পারবি না সেটা বল্। কী হয় আর কী হয় না তাই নিয়ে তোকে কোনো জ্ঞান দিতে বলেছে? যেখানে জ্ঞান ফলানোর কথা সেখানে তো অষ্টরম্ভা! পরীক্ষার সময় কোশ্চেন-পেপার হাতে নিয়ে আকাশের দিকে তাকিয়ে বসে থাকিস। ভূগোলে কি আর এমনি সতেরো পেয়েছিস? এরকম কম বুদ্ধি বলেই পেয়েছিস।'

তরান বেচারি থতমত খেয়ে বলল, 'সতেরো না উনিশ! আমাদের ক্লাসে দুজন এগারো আর একজন তিন পেয়েছে। স্যার বলেছেন, 'সেই তুলনায় আমার নম্বর ভালোই হয়েছে'। তখন ছোটমামা বললেন, অন্তত ফেলুদের মধ্যে ফার্স্ট হতে পারতিস। যাক, আর কেউ বলতে পারবে? যে পারবে সে প্রাইজ হিসেবে হাফ শিঙাড়া পাবে। আমার ফোর্থ শিঙাড়ার হাফ।

আমরা মুখ চাওয়াচাওয়ি করলাম। প্রাইজ হিসেবে আধখানা শিঙাড়া মন্দ নয়। কৌস্তভ এক গাল হেসে বলল, 'ছোটোমামা নিশ্চয়ই ম্যাজিকের কথা বলছো? তাই না? আমি ঠিক ধরেছি।'

ছোটোমামা বলল, 'তোমার মুণ্ডু ধরেছ'।

আমি ঢোক গিলে বললাম, 'তাহলে কি সোনার খনির ভিতর থেকে ধুলো আনতে হবে?'

A. জগাদার শিঙাড়া শহরের বাঘা বাঘা দোকানের পিৎজা, মোমো, রোলকে কোন্ দিক দিয়ে হার মানাতে পারে?-

i. আয়তনে

ii. স্বাদে

CAREERINDIA

iii. গন্ধে

iv. দামে

B. তরানের মতে ধুলো সোনার থেকে কখনোই দামি হতে পারে না কারণ ধুলো সব জায়গায় কম দামে বিক্রী হয়। কাহিনী অনুযায়ী-

i. মন্তব্য ও কারণ উভয়ই সঠিক

ii. মন্তব্য সঠিক নয়, কারণ সঠিক

iii. মন্তব্য সঠিক, কারণ সঠিক নয়

iv. মন্তব্য ও কারণ উভয়ই ভুল

C. ছোটোমামা যে প্রশ্ন করে, অর্চির কাছে তা -

i. ধাঁধার সমান

ii. খুব সহজ সমাধান যুক্ত

iii. ম্যাজিকের সমান

iv. সিলেবাসের বাইরে নয়

D.'যেখানে জ্ঞান ফলানোর কথা সেখানে তো অষ্টরম্ভা',- এই উক্তির কারণ-

i. তরান সত্যিই সব বিষয়ে জ্ঞানী

ii অর্চির জ্ঞান সীমিত

iii.তরানের জ্ঞান এতটাই কম যে,পরীক্ষায় সেরকম ভাল করতে পারে না

iv. অর্চি বুদ্ধিমান, সব বিষয়ে তুখোড়

www.careerindia.com

E. তরান ভূগোলে ক্লাসের অন্য দু'জনের চেয়ে যথাক্রমে-

i. আট ও ষোলো নম্বর বেশি পেয়েছে

ii. ছয় ও চোদ্দ নম্বর কম পেয়েছে

iii. বারো ও নয় নম্বর কম পেয়েছে

iv. আঠারো ও ছয় নম্বর বেশি পেয়েছে

F. কৌস্তভ এক গাল হেসে যে মন্তব্য ছোটোমামার উদ্দেশ্যে করেছিল তা-

i. ছোটোমামার সঙ্গে রসিকতা করে

ii. ছোটোমামার কাছ থেকে পরিত্রাণ পাওয়ার জন্য

iii. ছোটোমামার কাছ থেকে প্রাইজ হিসাবে আধখানা শিঙাড়া পাওয়া মন্দ নয়- বিচার করে

iv. ছোটোমামার কাছ থেকে একখানা শিঙাড়া পাওয়ার ইচ্ছায়

G. 'পরীক্ষা' শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হয় –

i. পরি + ইক্ষা

ii. পরী + ইক্ষা

iii. পরি + ঈক্ষা

iv. পরী + ঈক্ষা

2. নিচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর:

(A থেকে F-এর মধ্যে যে কোনও **চারটি এবং** G প্রশ্নটির উত্তর আবশ্যিক) 1X5=5

"তোমার ছবিটা কী? ক্রাইং ফিল্ম না ফাইটিং ফিল্ম?"

আপাতত আমি হাইফার রাস্তায়। জেরুজালেম থেকে হাইফা ঘন্টা তিনেকের পথ। গাড়ির চালক ছিলেন স্থানীয়।

জেরুজালেম পিছনে ফেলে এসেছি ঘন্টাখানেক হল। আকাশের রং কেমন যেন আশ্চর্য ঘন নীল। আর তাতে পেঁজা তুলোর মত মেঘ – ছাড়া ছাড়া । হঠাৎ মনে পড়ে গেল জর্ডনের খবরের

www.careerindia.com

কাগজটায় স্থানীয় মাসের নাম পড়েছিলাম – শ্রাবোন। ওদের সেই শ্রাবণ কি ভাদ্রয় পা রেখেছে , আমার নিজের দেশের মতো ?

নানা কথা ভাবতে ভাবতে একবার মনে হল জিগ্যেস করেই দেখি না কেন – নিশ্চয় জানবেন । প্রায় মনে মনে প্রশ্নটা করব বলে উশখুশ করছি, এমন সময় পাল্টা প্রশ্ন এল সামনের সিট থেকে। আমি বসেছি পেছনে। ছোট বাচ্চাদের পিকনিকে পাঠানোর সময় যেমন জল, টুকিটাকি খাবার বাড়ি থেকে দেওয়া হয়, আমাকেও তেমন গাড়ি ভর্তি করে পটেটো চিপস্ – এর প্যাকেট , জলের বোতল – সব দিয়েছে আব্রাহাম। আমার স্যুটকেস গাড়ির ডিকিতে। আর ফিল্মের ক্যানের দুটো বাক্সের একটি সামনের সিটে চালকের পাশে। - " তোমার ছবিটা কী?" অভিনব প্রশ্ন নিঃসন্দেহে, এবার আমার একটু আমতা আমতা করার পালা। একটু থেমে থেকে জিগ্যেস করলাম – " কেন?" হয়তো তার পাশে রাখা টিনের বাক্সের ভেতর মনশ্চক্ষুতে গ্লিসারিনের শিশি , নয় নকল রক্তের বোতল দেখতে পাচ্ছেন।

আমাদের দেশের সিনেমার এমন একটা সরল সারাংশ জেরুজালেম থেকে হাইফা যাওয়ার পথে , একজন ট্যাক্সিচালকের মুখে – কখনও ভাবিনি। আমার সামনের চালকের আসনে যে মানুষটি তার পৃথুল গৌরবর্ণ শরীর , বয়স ষাটের একটু আধটু কম বেশী। ধরেই নিলাম তিনি ভারতীয় ফিল্ম মানে মুম্বাইয়ের হিন্দি ছবি বোঝেন, মানে ক্রাইং ফিল্ম হল যেখানে নায়ক – নায়িকার মিলন হয় না।

A. আকাশের রং কেমন যেন আশ্চর্য ঘন নীল, আর তাতে পেঁজা তুলোর মতো ছাড়াছাড়া মেঘ- এই মন্তব্য নিশ্চিত করে-

i. শ্রাবণ মাসের বৃষ্টিকে
ii. শরতের দুর্গাপুজোকে
iii. আশ্বিন মাসের আগমনকে
iv. ভাদ্রমাসের আগমনকে

B. গাড়ি ভর্তি করে রাখা জলের বোতল, পটেটো চিপস তুলনীয়-

i. বনভোজনে যাওয়ার আগের দিনের আয়োজনের সঙ্গে
ii. ছোট বাচ্চাদের পিকনিকে পাঠানোর সঙ্গে
iii. কোনো রিলিফ পাঠানোর আয়োজনের সঙ্গে
iv. নতুন কোনো স্থানে স্থানান্তরিত হওয়ার উদ্যোগের সঙ্গে

www.careerindia.com

C. "..তোমার ছবিটা কী? ক্রাইং ফিল্ম না ফাইটিং ফিল্ম" - এই প্রশ্নের সম্ভাব্য কারণ হিসাবে লেখক প্রশ্নকর্তার মনশ্চক্ষুতে তার পাশে রাখা টিনের বাক্সের ভেতর গ্লিসারিনের শিশি, নয় নকল রক্তের বোতল দৃশ্যমান হওয়ার কথা ভেবেছেন -

i. প্রশ্ন ও সম্ভাব্য কারণ- দুটোই সঠিক

ii. প্রশ্ন ও সম্ভাব্য কারণ পরস্পর সম্পর্কহীন

iii. প্রশ্ন ও সম্ভাব্য কারণ সম্পর্কযুক্ত কিন্তু দুয়ের মধ্যে সময়ের ব্যবধান রয়েছে

iv. প্রশ্ন সঠিক কিনতু সম্ভাব্য কারণ সঠিক নয়

D. আমাদের দেশের সিনেমার ইতিহাসের সরল সারাংশ ট্যাক্সিচালকের মুখ থেকে শোনা অভাবনীয় - কোন্ ট্যাক্সিচালকের কথা এখানে বলা হয়েছে?-

i. ভারতবর্ষের জাতীয় সড়কে যাত্রাকালীন পরিচিত ট্যাক্সিচালক

ii. ইরানের হাইওয়েতে পরিচিত ট্যাক্সিচালক

iii. জেরুজালেম থেকে হাইফা যাওয়ার পথে পরিচিত ট্যাক্সিচালক

iv. জর্ডনের হাইওয়েতে পরিচিত ট্যাক্সিচালক

E. ট্যাক্সিচালকের বয়স ও দৈহিক বর্ণনা অনুযায়ী সে-

i. ষাট বছর অতিক্রান্ত ও ফর্সা, স্থূল

ii. ষাটের কাছাকাছি, ফর্সা ও ছিপছিপে গড়ন

iii. ষাট - সত্তর বছর অতিক্রান্ত, শ্যামবর্ণ ও স্থূল

iv. ষাটের কাছাকাছি, ফর্সা ও স্থূল

F. ক্রাইং ফিল্ম বলতে ট্যাক্সিচালকের মতানুযায়ী-

i. যেখানে ফিল্মের শেষে নায়ক নায়িকার মিলন নেই

ii. যে ফিল্মে নায়ক বিদেশে পাড়ি দেয় নায়িকাকে নিয়ে

iii. মুম্বাইয়ের হিন্দি ছবি মানেই ক্রাইং ফিল্ম

iv. বিশ্বের সমস্ত ফিল্ম

www.careerindia.com

G. ‘আকাশ’-এর বিপরীতার্থক শব্দ হল –

i. অম্বর

ii. গগন

iii. পাতাল

iv. অন্তরীক্ষ

## SECTION – B(Grammar)

**3.** যে কোনো **পাঁচটি** বাগধারা/প্রবাদের সঠিক অর্থটি নির্বাচন কর:1X5=5

A. ‘ তেলা মাথায় তেল দেওয়া’ প্রবচনটি প্রযুক্ত হয়-

i. অত্যধিক বেশি প্রাপ্তি অর্থে
ii.যার অনেক আছে তাকে আরো দেওয়ার মানসিকতা অর্থে
iii. সামান্য কিছু দাবি করা- এই অর্থে
iv. কারুর সর্বস্ব হরণ করার ইচ্ছা - এই অর্থে

B. বিপদের সময় বুদ্ধি না খাটিয়ে, বিপদ চলে গেলে বুদ্ধির জাগরণ- এই অর্থে ব্যবহার করা যায় যে প্রবচনটি তা হল--
i. চোরের মায়ের বড় গলা
ii. চোর পালালে বুদ্ধি বাড়ে
iii. চোরে না শোনে ধর্মের কাহিনী
iv. চোরের সাক্ষী গাঁটকাটা

www.careerindia.com

C. সকলের সামনে রঞ্জিতের কালোবাজারি করার কথা তার ভাই যখন প্রকাশ করে দিল তখন তা যেন-

i. 'চাঁদের হাট' বসেছে বলে মনে হল

ii. 'শাপে বর' বলে মনে হল

iii. 'তাসের ঘর' বলে মনে হল

Iv. 'হাটে হাঁড়ি ভাঙা'র মত মনে হল

D. 'ভণ্ড'- অর্থে আমরা ব্যবহার করি এই বাগধারাটিকে -

I. বাস্তু ঘুঘু

Ii. তীর্থের কাক

Iii. ননীর পুতুল

Iv. বকধার্মিক

E. 'বুকের পাটা' বাগধারাটির অর্থ হল –

i. ভয়

ii. বুকের পাঁজর

iii. সাহস

iv. উচ্ছ্বাস

F. 'ঠোঁট কাটা' বাগধারাটির অর্থ হল –

i. উচ্ছৃঙ্খল

ii. যার ঠোঁট কেটে গেছে

iii. স্পষ্টবক্তা

iv. অন্ধস্নেহ

www.careerindia.com

CAREERINDIA

## SECTION- C

## (Literature & Supplementary Reader)

4. **গদ্য** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর:(যে কোনো **পাঁচটি**) 1X5=5

A. নিখিল ভেবেছিল গল্পের কাহিনী-বিবৃত সময় অনুযায়ী যে রিলিফ চলছিল তা-

i. যথার্থ দেশসেবা

ii. শুধুমাত্র লোকদেখানো

iii. অবশ্য প্রয়োজনীয়

iv. একজনের বদলে আরেকজনকে খাওয়ানোর উদ্যোগ

B. মৃত্যুঞ্জয় ফুটপাতে অনাহারে মৃত্যু দেখে উন্মাদ হয়ে প্রথম দিকে অসহায় নরনারীদের সঙ্গে যে আলাপচারিতা শুরু করে পরে সেটা বন্ধ করে দেয়, কারণ সে দেখে তাদের প্রত্যেকের কাহিনী নেশায় আচ্ছন্ন অর্ধচেতন মানুষের ঝিমানো ভাগ্যের কাহিনী ।

i. কার্য ও কারণ- দুটোই সঠিক

ii. কার্য সঠিক, কারণ সঠিক নয়

iii. কার্য সঠিক নয়, কারণও যুক্তিপূর্ণ নয়

iv. কারণ অনুযায়ী কার্য কাহিনীতে ঘটেনি

C. "খবর দিয়ে বাড়ির সকলে কেউ গম্ভীর, কেউ কাঁদ কাঁদ মুখ করে বসে থাকে।"- যে খবরের কথা এখানে বলা হয়েছে তা হল-

i. টুনুর মার শারীরিক অসুস্থতার খবর

ii. মৃত্যুঞ্জয় খানিক পরেই আসছে- এই মিথ্যা খবর

iii. মৃত্যুঞ্জয় ফিরে আসবেই- এই সুনিশ্চিত খবর

iv. গোটা কুড়ি মৃতদেহের যথাযথ সৎকার না করার খবর

www.careerindia.com

D. “রূঢ় বাস্তব নিয়মকে উল্টে মধুর আধ্যাত্মিক নীতি করা যায়, কিন্তু সেটা হয় _________ ।
-- শূন্যস্থান পূর্ণ করার উপযুক্ত শব্দটি হল-.

i. অপদার্থতা
ii. অনিয়ম
iii. অসম্ভব
iv. আবশ্যিকতা

E. নিখিলের চরিত্রটিকে মানিক বন্দ্যোপাধ্যায় গড়েছেন—

i. পঞ্চাশের মন্বন্তরে স্বার্থপর শাসকশ্রেণীর প্রতিভূ হিসেবে
ii. প্রথম বিশ্বযুদ্ধ পরবর্তী সম্প্রদায়ের প্রতিনিধি হিসেবে
iii. পঞ্চাশের মন্বন্তরে আত্মবিরোধ জর্জরিত মধ্যবিত্ত বাঙালির বিপরীতে
iv. মৃত্যুঞ্জয়ের যোগ্য সহকর্মী হিসেবে

F.‘কে বাঁচায় কে বাঁচে’গল্পে নীতিধর্ম ব্যতিরেকে সমাজধর্মের বিচারে লেখক কোন্ কাজকে ‘পাপ’ বলে বিবেচনা করেছেন?

i. দশজনকে খুন করার চেয়ে নিজেকে না খাইয়ে মারা
ii. দরদের মতো ছোঁয়াচে রোগে আক্রান্ত হওয়া
iii. অনাহারে মৃত্যু দেখেও নির্লিপ্ত থাকা
iv. রিলিফের কাজে বাধা দান করা

5. **কবিতা** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (যে কোনো **পাঁচটি**) 1X5=5

A. কবি মৃদুল দাশগুপ্তের ‘ধানক্ষেত থেকে’ কাব্যগ্রন্থের অন্তর্গত পাঠ্য কবিতাটির উল্লেখযোগ্য লাইন হল-

www.careerindia.com

i. 'এক পৃথিবী লিখব আমি'

ii. 'সে–ই কবিতায় জাগে'

iii. 'তাই লিখে যাই এ-রক্তলেখা'

iv. 'তোমার আগুন আকাশের চেয়ে বড়'

B. নিহত ভাইয়ের শবদেহ দেখে কবির ক্রোধ হয়, কারণ তিনি তাকে পছন্দ করতেন না, কবিতা অনুসারে –

i. কবির প্রতিক্রিয়া সঠিক, কারণ ভুল

ii. কবির প্রতিক্রিয়া ভুল, কারণ সঠিক

iii. কবির প্রতিক্রিয়া সঠিক, কারণও সঠিক

iv. কবির প্রতিক্রিয়া ভুল, কারণও ভুল

C. কবি নিজের বিবেককে যার সঙ্গে তুলনা করেছেন তা হল-

i. আলো

ii. বারুদ

iii. ঝড়

iv. বিদ্যুৎ

D. আকাশের দিকে তাকিয়ে কবি কী চাওয়ার কথা বলেছেন?

i. ঈশ্বরের শুভেচ্ছা

ii. চাঁদের টিপ

iii. বৃষ্টি

iv. বিধির বিচার

www.careerindia.com

E. “আমি তা পারি না।” – কবি কী পারেন না?

i. প্রতিবাদ-বিমুখ হয়ে থাকতে

ii. নিজের সুখ সন্ধান করতে

iii. ক্রন্দনরতা জননীর পাশে দাঁড়াতে

iv. নিখোঁজ মেয়েটির সন্ধান করতে

F. ‘ক্রন্দনরতা জননীর পাশে’ কবিতায় জেগে ওঠে –

i. কবির বিবেক

ii. কবির প্রশ্ন

iii. কবির কল্পনা

iv. কবির প্রার্থনা

6. **আন্তর্জাতিক কবিতা** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (যে কোনো **পাঁচটি**)

1X5=5

A. ‘পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন’কবিতাটি কবি শঙ্খ ঘোষের কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত?

i. ‘লাইনেই ছিলাম বাবা’

ii. ‘শবের উপরে শামিয়ানা’

iii. ‘বহুল দেবতা বহু স্বর’

iv. ‘মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে’

B. ‘লিমা’ হল -

i. রোমের রাজধানী

ii. পেরুর রাজধানী

iii. ইজিপ্টের রাজধানী

www.careerindia.com

iv. এশিয়ার একটি শহর

C. স্পেনের নৌবাহিনীর সুবৃহৎ নৌবহর ছিল;

i. ব্যাবিলন
ii. আটলান্টিস
iii. আর্মাডা
iv. থীবস্

D. আলেকজান্ডার উত্তর-পশ্চিম ভারতের কোন্ পরাক্রমশালী রাজাকে যুদ্ধে পরাজিত করেও বন্ধুত্ব স্থাপন করেন? –

i. রাজা বিক্রমাদিত্য
ii. রাজা পুরু
iii. নাগাদিত্য
iv. বাহাদুর শাহ্

E.'পড়তে জানে এমন এক মজুরের প্রশ্ন' কবিতাটি-

i. পরিশ্রমী অথচ বঞ্চিত, ইতিহাসের পাতায় অনুচ্চারিত মানুষের বোধের জাগরণ
ii. ঐতিহাসিক বিবৃতি
iii. মজুরের লেখাপড়া শেখার কাহিনী
iv. রাজাদের জয়োৎসবের কাহিনী বিশ্লেষণ

F.'কাদের জয় করল সিজার?'- সিজার জয় করেছিলেন-

i. স্পেনীয়দের
ii. মিশরবাসীকে
iii. গলদের
iv. ব্রিটিশদের

www.careerindia.com

7. **নাটক** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (যে কোনো **পাঁচটি**)  1X5=5

A. "বা: বা: বুঢঢা। আচ্ছা হি কিয়া।" - এখানে কী করার কথা বলা হয়েছে?

i. ধেনো টেনে রামব্রীজের কোথাও পড়ে থাকার কথা বলা হয়েছে
ii. অভিনয় শেষে মদ্যপান করে রজনীকান্তের চেয়ারে ঢলে পড়ার কথা বলা হয়েছে
iii. গ্রিনরুমে কালীনাথের ঘুমিয়ে থাকার কথা বলা হয়েছে
iv. অভিনয় শেষে মদ্যপান করে রজনীকান্তের বাড়িতে ফিরে যাওয়ার কথা বলা হয়েছে।

B. "সব ভূতুড়ে বাড়ির মতো খাঁ খাঁ করছে"- কাকে বক্তার ভূতুড়ে বাড়ি বলে মনে হয়েছে?

i. রজনীকান্তের নিজের জনহীন বাড়িকে
ii. দর্শকশূন্য অডিটোরিয়ামকে
iii. জনমানবহীন গ্রিনরুমকে
iv. লোকালয়বর্জিত স্থানে প্রেমিকার বাড়িকে

C. নাটকের শেষ অংশে রজনীকান্তের মুখে 'Farewell the tranquil mind !'- তাৎপর্যপূর্ণ এই উচ্চারণ নাটকটিতে এক আলাদা মাত্রা যোগ করে, কারণ ব্যক্তিগত বিষণ্ণতায় ওথেলোর যুদ্ধক্ষেত্রকে বিদায় জানানোর সঙ্গে নি:সঙ্গ রজনীকান্তের জীবনের হতাশা সুন্দরভাবে মিলে যায়।

i. মন্তব্যটি সঠিক হলেও কারণটি ভুল
ii. মন্তব্য এবং কারণ- দুটিই ভুল
iii. মন্তব্যটি ভুল হলেও কারণটি সঠিক
iv. মন্তব্য এবং কারণ- দুটিই সঠিক

D. "মরা হাতি সোয়া লাখ"- কথাটি এখানে কোন্ অর্থে ব্যবহৃত হয়েছে?

www.careerindia.com

CAREERINDIA

i. অল্পবয়সী রজনীকান্তের অভিনয়ের তুলনায় বৃদ্ধ রজনীকান্তের অভিনয় অনেক ভালো

ii. অল্পবয়সী রজনীকান্ত যেমন দুর্দান্ত অভিনয় করতেন বার্ধক্যে পৌঁছেও তিনি সেই একইরকম অভিনয় করেন

iii. বৃদ্ধ রজনীকান্তের অভিনয়ের তুলনায় অল্পবয়সী রজনীকান্তের অভিনয় অনেক ভালো

iv. রজনীকান্ত অল্পবয়স বা বার্ধক্য কখনোই ভালো অভিনয় করতেন না

E. কাকে দেখে রজনীবাবু ভয়ে চিৎকার করে পিছিয়ে যান?

i. রামব্রীজকে দেখে

ii. আলমগীরকে দেখে

iii. জনতাকে দেখে

iv. কালীনাথকে দেখে

F. 'ধু- ধু করা দুপুরে জ্বলন্ত মাঠে বাতাস...', বলতে বোঝানো হয়েছে –

i. প্রেমে প্রত্যাখ্যাত রজনীকান্তের মানসিক অবস্থা

ii. ব্যক্তি রজনীকান্তের নি:সঙ্গতা

iii. ফাঁকা অডিটোরিয়ামে রজনীকান্তের একাকী মুহূর্ত

iv. চূড়ান্ত মৃত্যুভয়ে ভীত রজনীকান্তের মনোজগৎ

8. **সহায়ক পাঠ** থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন কর: (যে কোনো **পাঁচটি**) 1X5=5

A. কুমারগাঁতি গ্রামে কার দোকান ছিল?

i. কুটিশ্বর সাহার

ii. নিবেদন সরকারের

iii. মনমোহন মহাজনের

iv. নীলকমল সরকারের

www.careerindia.com

B. ডালুরা তাদের উচ্চারণ বৈশিষ্ট্য অনুযায়ী নিজেদের কী বলবে?

i. দালু
ii. তালু
iii. টালু
Iv. ঢালু

C. গারো পাহাড় অঞ্চলে প্রচলিত 'হাতিবেগার' হল –

i. হাতি রাখার জায়গা
ii. হাতি শিকারের কৌশল
iii. একটি জমিদারি আইন
iv. হাতি – পরিচর্যার নানা উপায়

D. গারো পাহাড় অঞ্চলে ফসলের সমাহার সত্ত্বেও সেখানকার মানুষের মনে কোনো শান্তি ছিল না, কারণ জমিদার স্বরূপ দুষ্টু শনি আশেপাশে লুকিয়ে থাকত।

i. মন্তব্যটি সঠিক হলেও কারণটি ভুল
ii. মন্তব্য এবং কারণ- দুটিই ভুল
iii. মন্তব্যটি ভুল হলেও কারণটি সঠিক
iv. মন্তব্য এবং কারণ- দুটিই সঠিক

E. "পাহাড়ের নীচে যেদিন থেকে লাল নিশান খুঁটি গেড়েছে, সেই দিন থেকে তাদের চোখ ফুটেছে।"- এখানে 'চোখ ফুটেছে' বলতে কী বোঝানো হয়েছে?

i. ডালুরা চোখ মেলে ক্ষেতের সবুজ ফসল দেখেছে

ii. ডালুরা  নিজেদের অধিকারবোধ সম্পর্কে সচেতন হয়েছে

iii. ডালুরা প্রাণ ভ'রে গারো পাহাড়ের প্রাকৃতিক দৃশ্য উপভোগ করেছে

iv. জমিদারদের অত্যাচারকে হাসিমুখে মেনে নিয়েছে

F. "নাকের বদলে নরুন পেলাম টাক ডুমা ডুম ডুম"।- কী বোঝাতে এই কাহিনিকে পাঠ্যগল্পে ব্যবহার করা হয়েছে?

i. এক গারো চাষীকে একটি ছাতার বদলে একটি হাতির দাম মহাজনকে দিতে হয়

ii. এক গারো চাষীকে এক কেজি মশলার বদলে পঞ্চাশ বিঘে জমি দিতে হয়

iii. এক গারো চাষীকে একটি কৃষিযন্ত্রের বদলে চল্লিশ হাজার টাকা দিতে হয়

iv. এক গারো চাষীকে দশ কেজি কৃষিসারের বদলে এক গোলা ধান দিতে হয়

---

www.careerindia.com